

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

যুব উন্নয়ন অধিদপ্তর মহাপরিচালকের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) ২০২৪-২০২৫ অর্থ বছরের ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি : ড. গাজী মোঃ সাইফুজ্জামান, মহাপরিচালক (গ্রেড-১)
সভার তারিখ ও সময় : ২৯/০৪/২০২৫ খ্রি. সকাল ১০.৪০ ঘটিকা
সভার স্থান : যুব ভবনের সম্মেলন কক্ষ

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানান এবং সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ২০২৪-২০২৫ অর্থ বছরের ৩য় ত্রৈমাসিক জানুয়ারি-মার্চ/২০২৪ খ্রি. মাসের হালনাগাদকরণ সভায় সিটিজেন চার্টার বিষয়ে ফোকাল পয়েন্ট জনাব মোঃ গজনবী খান সহকারী পরিচালক (প্রশাসন) কে সভার বিস্তারিত বিষয়ে আলোচনা করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভাপতি মহোদয়ের নির্দেশনা মোতাবেক যুব উন্নয়ন অধিদপ্তর, মহাপরিচালকের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ২০২৪-২০২৫ পর্যায়ক্রমে উপস্থাপন করেন। তিনি বলেন যুব উন্নয়ন অধিদপ্তরের প্রতিশ্রুত সেবা সমূহ যথাক্রমে (ক) নাগরিক সেবা (খ) দাপ্তরিক সেবা ও (গ) অভ্যন্তরীণ সেবা। উল্লিখিত সেবা সমূহ কার্যালয় ভিত্তিক ভিন্নতর হতে পারে। যেহেতু সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এপিএ এর একটি আবশ্যিক বিষয় সেহেতু এ বিষয়টি যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ অনুসরণ করতে হবে যা মন্ত্রীপরিষদ বিভাগের ওয়েবসাইটে আপলোড করা আছে। বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

- ২.০ আলোচনা: মহাপরিচালকের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে হবে ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা করার বিষয়ে আলোচনা হয়।
- ২.১ সিদ্ধান্ত: মহাপরিচালকের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা করার সিদ্ধান্ত হয়।
- ২.২ বাস্তবায়নে: সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর।
- ৩.০ আলোচনা: যুব উন্নয়ন অধিদপ্তরের যে সকল কর্মকর্তা এবং কর্মচারী পিআরএল-এ গমন করবেন তাদের মধ্যে যে সমস্ত কর্মকর্তা/কর্মচারী মাঠ পর্যায়ে ঋণ কার্যক্রমের সাথে সম্পৃক্ত তাদের পিআরএল মঞ্জুর করার পূর্বে মহাপরিচালকের কার্যালয়ের (দাঃবিঃও ঋণ) শাখা থেকে না দাবি পত্র (NOC) নেওয়ার বিষয়ে সভায় আলোচনা হয়।

৩.১ সিদ্ধান্ত: পিআরএল মঞ্জুর করার পূর্বে মহাপরিচালকের কার্যালয়ের (দাঃবিঃও ঋণ) শাখা থেকে বাধ্যতামূলক ভাবে নাদাবি পত্র (NOC) গ্রহণ করতে হবে।

৩.২ বাস্তবায়নে: পরিচালক (দাঃবিঃ ও ঋণ শাখা)।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)

মহাপরিচালক (গ্রেড-১)

ফোন: ২২৩৩৮৯৩৮৯

E-mail: dg@dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৫.৪৪.০১৩.২২- ১০২০

তারিখঃ ১৭ বৈশাখ ১৪৩২
৬০ এপ্রিল ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক / প্রকল্প পরিচালক.....(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। উপপরিচালক (সকল), মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,..... (সকল), জেলা।
- ৪। কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, (সকল), যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর।
- ৫। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৭। অফিস কপি।


(মোঃ গাজী মোঃ সাইফুজ্জামান)

সহকারী পরিচালক (প্রশাসন)

যুব উন্নয়ন অধিদপ্তর

ফোনঃ ২২৩৩৮৭৭৭৩